

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৪-২৩

তারিখ : ২০ মাঘ ১৪২১  
০২ ফেব্রুয়ারি ২০১৫

**প্রজ্ঞাপন**

যেহেতু, আপনি জনাব মোঃ মহিবুল হক (পরিচিতি নম্বর-৬০১৯৩১), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ: দা:, গাজীপুর সড়ক বিভাগ, গাজীপুর) তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ২৪.০৩.২০১৪ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.২০.০৭৫.১৩(অংশ-৩)-১৬০ সংখ্যক অফিস আদেশে অর্থনৈতিক কোড নম্বর ৪৯৩৬-পিরিয়ডিক মেইনটেন্যান্স সড়ক ও সেতু (পিএমপি মাইনর) এর কর্মসূচির আওতায় কার্য সম্পাদনের ক্ষেত্রে কার্যাদেশের মেয়াদ দুই অর্থবছর ব্যাপী (২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫) প্রদান করা যাবে না এবং এ নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে কোন কার্যাদেশ প্রদান করা হলে উহার দায়-দায়িত্ব ব্যক্তিগতভাবে কার্যাদেশ প্রদানকারী সংশ্লিষ্ট কর্মকর্তার উপর বর্তাবে মর্মে উল্লেখ থাকা সত্ত্বেও লাকপুর-আড়াল-কামারগাঁও-মাগুটিয়া-আড়ালিয়া-মঠখোলা (Z-2034) সড়কের কাজের কার্যসম্পাদন মেয়াদ ০৬ (ছয়) মাস নির্ধারণপূর্বক গত ০১.০৬.২০১৪ তারিখে Notice to Commence জারী করেন;

এবং

যেহেতু, আপনি দুই অর্থবছর ব্যাপী পিএমপি (মাইনর) উপধাতে কোন কাজের কার্যাদেশ প্রদান করা যাবে না মর্মে সরকারি নির্দেশনা থাকা সত্ত্বেও ২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ দুই অর্থবৎসর ব্যাপী কার্যসম্পাদন মেয়াদ নির্ধারণ করে Notice to Commence জারী করে সরকারি আদেশের লঙ্ঘন করেছেন;

এবং

যেহেতু, আপনি পিএমপি (মেজর) উপধাতে বড় আকারের কর্মসূচি এবং পিএমপি (মাইনর) উপধাতে ছোট আকারের কর্মসূচি গ্রহণের নিয়ম থাকলেও বর্ণিত ক্ষেত্রে বড় আকারের কর্মসূচিকে (২,১৫,৩৮,২২৩.৩৩ টাকা) পিএমপি (মাইনর) উপধাতে গ্রহণ করে সরকারি দায়িত্ব পালনে অদক্ষতার পরিচয় দিয়েছেন;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ হওয়ায় বিভাগীয় মামলা নম্বর ১৫/২০১৪ রুজু করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ১৭-১২-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ২২-০১-২০১৫ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত বক্তব্য ও শুনানীকালে প্রদত্ত জবাব এবং দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, সরকারি আদেশ প্রতিপালনে আপনি সচেষ্ট ছিলেন। কিন্তু Major PMP এর কাজ Minor PMP-তে গ্রহণে উর্ধ্বতন কর্তৃপক্ষকে সঠিকভাবে বুঝাতে সক্ষম হননি।

অপর পৃষ্ঠা দৃষ্টব্য

এবং

এক্ষণে, সার্বিক পরিস্থিতি ও প্রেক্ষাপট বিবেচনায় জনাব মোঃ মহিবুল হক (পরিচিতি নম্বর-৬০১৯৩১), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ: দা:, গাজীপুর সড়ক বিভাগ, গাজীপুর)-কে বিভাগীয় মামলা নম্বর ১৫/২০১৪ হতে অব্যাহতি প্রদান করা হল। তবে সরকারি আদেশ/নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশনা দিয়ে ভবিষ্যতের জন্য সতর্ক করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)  
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৪.১৪-২৩/১(১৪)

তারিখ : ২০ মাঘ ১৪২১  
০২ ফেব্রুয়ারি ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. ভারপ্রাপ্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. যুগ্মসচিব (সেওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)
১০. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)
১১. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. জনাব মোঃ মহিবুল হক (পরিচিতি নম্বর-৬০১৯৩১), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ
১৩. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

০২.০২.১৫

(রওশন আরা বেগম)

যুগ্মসচিব

ফোন: ৯৫৭৫৫১৯